# NETAJI SUBHAS OPEN UNIVERSITY

DEPARTMENT OF CONTROLLER OF EXAMINATIONS

134/1, Meghnad Saha Sarani, Kolkata-700 029

☎: 2465-6936; Fax: 2463-0293


**Memo No. : COE/430/2021** **Date: 30/11/2021**

# বিজ্ঞপ্তি

## Online Post Graduate Term-End Examination, June 2021 / December 2021 বিষয়ক নির্দেশাবলী

সকল পরীক্ষার্থীদের জানানো হচ্ছে যে **Online Post Graduate Term-End Examination, June 2021 / December 2021** শুরু হবে **17.12.2021 বেলা 2 টো এবং শেষ হবে 24.12.2021 বেলা 2 টো।** পরীক্ষার্থীগণ নিজেদের সুবিধা মতো (উল্লিখিত সময়ের মধ্যে) যে কোনো সময় পরীক্ষা দিতে পারবেন।

পরীক্ষার্থীদের নিম্নলিখিত বিষয়গুলি যথাযথভাবে অনুসরণ করতে অনুরোধ করা হচ্ছে ঃ-

১. যে পরীক্ষার্থীগণ সমস্ত প্রাক-পরীক্ষার শর্তাবলী (যেমন – **Online Assignment** জমা দেওয়া, পূরণ করা পরীক্ষার ফর্ম জমা দেওয়া **fees** জমা দেওয়া ইত্যাদি) যথাযথ ভাবে সম্পন্ন করেছেন, শুধুমাত্র সেই শিক্ষার্থীগণ **Online Post Graduate Term-End Examination, June 2021 / December 2021** পরীক্ষায় অংশ নিতে পারবেন।

২. উল্লিখিত পরীক্ষা দেওয়ার জন্য পরীক্ষার্থীরা **07.12.2021, বেলা 2 টো থেকে সুনির্দিষ্ট portal (www.pcdpcal.com / www.wbnsou.ac.in) থেকে "Admit Card" download করতে পারবেন।**

৩. পরীক্ষার্থীরা সক্রিয় ডেটা সংযোগ যুক্ত **স্মার্টফোন, ট্যাব (ট্যাবলেট পি সি), ল্যাপটপ অথবা ডেস্কটপ কম্পিউটারের** মাধ্যমে উল্লিখিত পরীক্ষায় অংশ নিতে পারবেন। **কিন্তু কোনো পরীক্ষার্থী কখনোই একইসঙ্গে একাধিক ডিভাইসের সঙ্গে সংযুক্ত থেকে পরীক্ষা দিতে পারবেন না।**

৪. উল্লিখিত পরীক্ষার জন্য আরও একটি সুনির্দিষ্ট **Portal** ব্যবহার করতে হবে। **(https://pgjun21.nsou.smartestexam.com)** - পরীক্ষার্থীগণ **enrolment নম্বর ও জন্মতারিখ** এবং রোল নম্বর (**Admit Card** এবং **Enrolment Certificate cum Identity Card** অনুযায়ী) লিখে এই **Portal-এ login** করতে পারবেন। **Login** করার সময় পরীক্ষার্থীগণ যে **Phone number** বা **Email address** দেবেন, সেই **Phone number** বা **Email**

**address-এ OTP যাবে। Admit Card এবং Enrolment Certificate cum Identity Card-এ লিখিত তথ্য গোপন রাখা আবশ্যিক।**

৫. এই **Portal-টি 17.12.2021 বেলা 2** টো থেকে খোলা হবে এবং **24.12.2021 বেলা 2** টোয় বন্ধ করা হবে (**7** দিন **24** ঘন্টার জন্য)।

৬. পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর দিন (**17.12.2021** বেলা **2** টো) থেকে নির্দিষ্ট সময়ের (**7** দিন **24** ঘন্টার জন্য) মধ্যে **Admit Card**-এ উল্লিখিত পত্রগুলির পরীক্ষা দিতে হবে।

৭. পরীক্ষার্থীগণ যে কোনো সময়ে (নির্দিষ্ট সময়সীমার মধ্যে) পছন্দ মতো যে কোনো বিষয়ের পরীক্ষা দিতে পারবেন। তবে একটি পত্র সম্পূর্ণ করে "submit" করার পরই পরীক্ষার্থী অন্য পত্র উত্তর করার সুযোগ পাবেন।

৮. এই পরীক্ষার জন্য **MCQ** পদ্ধতি অনুসরণ করা হবে।

৯. পরীক্ষার্থীদের যথাযথ জায়গায় টিক (✓) দিয়ে প্রশ্নের উত্তর দিতে হবে।

১০. পরীক্ষার্থীরা একটি নির্দিষ্ট পত্রের জন্য **3 ঘন্টা** (যদি পূর্ণ নম্বর **100** হয়) এবং **2 ঘন্টা** (যদি পূর্ণ নম্বর **50** হয়) সময় পাবেন। তারপর সংশ্লিষ্ট পত্রের সময়সীমা শেষ হয়ে যাবে।

১১. একটি নির্দিষ্ট পত্রের জন্য **100** নম্বরের পরিবর্তে, পরীক্ষার্থীদের **20** টি **1** নম্বরের প্রশ্নের উত্তর দিতে হবে এবং ঐ **20** নম্বরের মান **100** নম্বরের মানের সমান বলে ধরে নেওয়া হবে। যেখানে পূর্ণ নম্বর **50**, পরীক্ষার্থীদের **10** টি **1** নম্বরের প্রশ্নের উত্তর দিতে হবে এবং ঐ **10** নম্বরের মান **50** নম্বরের মানের সমান বলে ধরে নেওয়া হবে।

১২. একটি পত্রের সব প্রশ্ন একসঙ্গে দেওয়া হবে না। অর্থাৎ পরীক্ষার্থীগণ কোন একটি পত্রের সমস্ত প্রশ্ন একসঙ্গে দেখতে পাবেন না। একটি প্রশ্ন উত্তর দেওয়ার পরই পরের প্রশ্নের সম্মুখীন হওয়া যাবে। পরের প্রশ্নে যাওয়ার জন্য আগের উত্তর 'submit' করতে হবে। পরবর্তী প্রশ্নগুলির জন্যও একই পদ্ধতি অনুসরণ করতে হবে।

১৩. এই পরীক্ষায় যদি কোনো পরীক্ষার্থী কোনও প্রশ্নের উত্তর দিতে না পারেন এবং প্রশ্নটি এড়িয়ে যেতে চান, তিনি প্রশ্নের উত্তর না দিয়েই "submit" করে পরের প্রশ্নের মুখোমুখি হতে পারেন। কিন্তু সেক্ষেত্রে তিনি ঐ প্রশ্নের পরিবর্তে কোনও বিকল্প প্রশ্ন পাবেন না।

১৪. এই পরীক্ষায় একবার উত্তর 'submit' করার পর, এটি আর পরিবর্তন / সংশোধন করা যাবে না এবং কোনোভাবেই আগের অবস্থানে ফিরে আসা যাবে না।

১৫. এই পরীক্ষায় **negative marking** থাকবে না।

১৬. পরীক্ষার্থীগণ **100** নম্বরের একটি নির্দিষ্ট পত্রের জন্য **9** (নয়) বার 'বিরতি' **(pause)** এবং **50** নম্বরের একটি নির্দিষ্ট পত্রের জন্য **4** (চার) বার 'বিরতি' **(pause)** পাবেন। এই বিরতির **(pause)** সময়টুকু মূল পরীক্ষার সময়কালের মধ্যে অন্তর্ভুক্ত করা হবে না। এবং বিরতির আগে পরীক্ষার্থীর **'submit'** করা উত্তর যথারীতি সংরক্ষিত **(saved)** থাকবে। যে কোনও বিরতির পর কোনো পরীক্ষার্থী পুনরায় **login** করে পরীক্ষায় যোগ দিতে পারবেন, তবে আগের প্রশ্নের পরিবর্তে তিনি একই পত্রের একটি নতুন প্রশ্ন পাবেন। সমস্ত বিরতির **(pause)** সুযোগ নেওয়ার পর 'সময় শেষ' বলে ধরে নেওয়া হবে। সেক্ষেত্রে পরীক্ষার্থীগণ আর সংশ্লিষ্ট পত্রের উত্তর দেবার সুযোগ পাবেন না। **পরীক্ষার্থী pause নেওয়ার সময় যে ডিভাইসে পরীক্ষা দিচ্ছেন তা কোনোভাবেই Refresh করা যাবেনা।**

১৭. পরীক্ষা শেষ হওয়ার সাত দিন পর কোনো পরীক্ষার্থী পরীক্ষার চালান হিসাবে পরীক্ষার উত্তরপত্র **save** এবং **download** করে **print copy** হাতে পাবেন। তবে মনে রাখতে হবে ঐ **"print copy"** শুধুমাত্র পরীক্ষার্থীদের ব্যক্তিগত সংরক্ষণের জন্য। **এগুলো কোথাও জমা দেওয়ার কোনো প্রয়োজন নেই।**

১৮. পরীক্ষা চলাকালীন কোন অসাধু উপায় অবলম্বন করলে তা বিশ্ববিদ্যালয়ের **e-surveillance** ব্যবস্থার মাধ্যমে চিহ্নিত হতে পারে এবং সেক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মান্য করতে হবে।

এ বিষয়ে পরবর্তী কোনো তথ্যাদির জন্য সকল পরীক্ষার্থীদের নিয়মিত **NSOU**-এর **website** দেখতে অনুরোধ করা হচ্ছে।

**Helpline number : 9830338974**

**সময়কাল: সকাল 11:00 টা থেকে বিকেল 5:00 টা**

**তারিখ ঃ 07.12.2021 থেকে 24.12.2021**

30/11/2021

**Prepared by**

30/11/21

**Rokeya Ray**
**Controller of Examinations (Acting)**